

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইউপি ২-শাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০১৮.০৩২.০০.০০.০২৮.২০১৩-১৬৬০

তারিখঃ

০৪ জ্যৈষ্ঠ, ১৪২৪ বঙ্গাব্দ  
১৮ মে, ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ইউনিয়ন পরিষদে “হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর” পদে লোক নিয়োগের ব্যয় নির্বাহ সংক্রান্ত।


সূত্রঃ স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০১৮.০৩২.০০.০০.০০১.২০১১(অংশ-১)-২৫, তাং-০১/১২/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এ বিভাগ হতে গত ২৮/১১/২০১৬ তারিখে ৭০৪ নং স্মারকমূলে ইউনিয়ন পরিষদে “হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর” পদে নিয়োগের ছাড়পত্র প্রদান করা হয়। কিন্তু উক্ত পদে নিয়োগের ক্ষেত্রে ব্যয় নির্বাহের বিষয়ে কোন উল্লেখ নেই এবং কোন বাজেট বরাদ্দ নেই। উল্লেখ্য “হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর” পদে নিয়োগের ব্যয়ভার কিভাবে নির্বাহ করা হবে তা নির্ধারণের জন্য বিভিন্ন জেলা প্রশাসক নির্দেশনা চেয়েছেন।

০২। উক্ত বিষয়ে এ বিভাগ হতে গত ১২/০১/২০১৭ খ্রিঃ তারিখে ২৫ নং স্মারকে ইউনিয়ন পরিষদের সচিব ও “হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর” পদে নিয়োগের ক্ষেত্রে পরীক্ষার আনুষাংগিক ব্যয় নির্বাহের বিষয়ে মতামত প্রদানের জন্য পত্র প্রেরণ করা হয়। কিন্তু বর্ণিত বিষয়ে মতামত না পাওয়ায় বিভিন্ন জেলা প্রশাসকগণকে নির্দেশনা প্রদান করা সম্ভব হচ্ছে না।

০৩। এমতাবস্থায়, ইউনিয়ন পরিষদের সচিব ও হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর পদে নিয়োগের ক্ষেত্রে পরীক্ষার আনুষাংগিক ব্যয় নির্বাহের বিষয়ে মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

  
(ড. সৈয়দা নওশীন পারভীন)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন-৯৫১৪১৯০

সিনিয়র সচিব  
অর্থ বিভাগ  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি :

- ১। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।